

## তপেশ দাশগুপ্ত ভিড়ের মধ্যে

খামোকা গন্ডগোলে জড়িয়ে না পড়লে  
জানতামই না তুমি আছ  
খামোকা গন্ডগোলে জড়িয়ে না পড়লে  
জানতামই না আমি আছি

## অপাপবিদ্ধ

সুন্দর হয়ে দাঁড়াই তোমার কাছে  
কুৎসিত হয়ে দাঁড়াই তোমার কাছে  
দাঁড়াই তোমার কাছে  
হাসনুহানা দাঁড়িয়ে থাকে ছোটবেলাটি জুড়ে  
হাসনুহানা দাঁড়িয়ে থাকে বড়বেলাটি জুড়ে

## লুপ্তক

উত্তরবঙ্গা বিশ্ববিদ্যালয়ে শালবনে  
রাত্রের আকাশে মেঘ জমে  
ওখানে আমার মেয়ে থাকে  
ফ্লুরোসেন্ট আলোয় হস্টেলের ঘরে ওর রুমমেট ঘুমিয়ে পড়লো  
দোতলার জানলা থেকে ও নিকষ কালো মেঘ দ্যাখে  
বাড়ীর কথা মনে হয়  
আমি বহু দূরে ঘরে বসে ওর একা একা চলাফেরা লক্ষ করি  
রাত্রি মেঘ ফ্লুরোসেন্ট আলো নিঃশব্দ বাজে

## সানুপাড়ায়

মাঠের মাঝে দুই একটা বাড়ী  
মানুষ অল্প বাড়ী কে কত ভাল করেছে  
মাঠের মাঝখানে ঐ তালগাছটা না দেখলে

আমার সকাল বৃথা যেত  
মাঠের মাঝখানে ঐ বাড়িটি না দেখলে আমার সকাল বৃথা যেত

## অমলবাতাস

অমল বন্ধু বানাতে পারে না  
অমলের বন্ধু হয়ে যায়  
অমল উড়ানের নিয়ম জানে না  
অমল উড়তে থাকে  
অমলের নেই ধরতে পারার মতো  
দুই একটা বাক্সে রাখা খোলামকুটি

## তুমি দেখাও

আমাদের পর্দা কোনোদিন হাওয়ায় ওড়ে না  
আমরা পর্দার নিচে বসে থাকি  
পর্দা উড়লে  
বেল গাছের ভিতর দিয়ে আকাশ দেখি  
নিজে থেকে পর্দা ওঠালে সেরকম দেখা যায় না

## প্রিয়তম

আমার সাহস আমার বুদ্ধি আমার ঝুঁকি নেওয়ার ক্ষমতা  
ফুটবলের জন্যে ছিল  
আমি খেলেছি আমার সমস্ত বুদ্ধি দিয়ে সাহস দিয়ে ঝুঁকি নিয়ে  
তথাপি ফুটবল আমার হয় নি  
রাম শ্যাম যদু মধু ফুটবল নিয়ে কত কথা বলে